05392/08

I-9699/11

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते


INDIA

पश्चिमबङ्গ पश्चिम बंगाल WEST BENGAL 386534

MV = 7,16,040
SD = 33963
φ = 14677/-



Jayanti Barua



Haradhan Sapui

## সাফ বিক্রয় কোবালা

কোবালা দাতা- **শ্রী হারাধন সাঁপুই**, পিতা স্বর্গীয় গোপীনাথ সাঁপুই, সাকিন- ৫৫, রামকৃষ্ণ সরণী, গোয়ালা পাড়া রোড, থানা - বেহালা, কোলকাতা - ৭০০০৬০, জেলা - দক্ষিণ ২৪-পরগণা।

কোবালা গ্রহিত্রী- **শ্রীমতী জয়ন্তী বড়ুয়া,** স্বামী শ্রী স্বদেশ রঞ্জন বড়ুয়া, সাকিন- ৫৫, রামকৃষ্ণ সরণী, গোয়ালা পাড়া রোড, থানা - বেহালা, কোলকাতা - ৭০০০৬০, জেলা - দক্ষিণ ২৪-পরগণা।

Haradhan Sapui
Jayanti Barua

Certified that the deficit stamp duty of Rs. 4020/- has been realised ... 8/12/08

District Sub-Registrar
Alipore, South 24 Parganas
16/12/08

SA No. 13650 Date 3/12/08 5000/-
Name Amitabha Sengupta
Address Adv., Alipore Judges' Court, Kol-27.
Vendor
SWARUP CHANDRA
Alipore Judges' Court, Kolkata-27

16/XI/08

District Sub-Registrar-II
Alipore, South 24-Parganas

District Sub-Registrar-II, Alipore, South 24-Parganas

Jayanti Barua
6059

Jayanti Barua
6060
Haradhan Sapui

Identified by me.
Amitabha Sengupta
Advocate
Alipore Judge's Court
Alipore, Kol-27.

16/XI/08

District Sub-Registrar-II
Alipore, South 24-Parganas

*Certificate of Registration under section 60 and Rule 69.*

**Registered in Book - I**
**CD Volume number 19**
**Page from 4273 to 4287**
**being No 09698 for the year 2011.**

(Anima Sinha) 05-September-2011
DISTRICT SUB-REGISTRAR-II
Office of the D.S.R.-II SOUTH 24-PARGANAS
West Bengal

Hemanta Sapui
Jayanti Barua

কস্য শুভ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগেঃ-

জেলা ২৪-পরগণা (দক্ষিণ), থানা - বেহালা, ৩৪৬ নং তৌজিভুক্ত, রেঃ সাঃ নং ৮৩, জেঃ এলঃ নং ২, মৌজা - বেহালা গ্রামে ৫০১ নং খতিয়ানভুক্ত ৬৪৩৩ ও ৫০৬ নং খতিয়ানভুক্ত ৬৪৩৪ নং দাগের ১৯ শতক রায়ত মোকররী স্বত্বীয় জমি ও তদুপরিস্থিত বাড়ী আমি অত্র কোবালা দাতার পিতামহ হরিচরণ সাঁফুই এর স্বত্ব দখলীয় সম্পত্তি থাকাকালে তিনি তাঁহার পত্নী রেণুবালা সাঁফুই ও সাত পুত্র যথাক্রমে (১) নন্দলাল সাঁফুই, (২) গোপীনাথ সাঁফুই, (৩) কালীরাম সাঁফুই, (৪) বিশ্বনাথ সাঁফুই, (৫) দুর্গানাথ সাঁফুই, (৬) কেদারনাথ সাঁফুই, (৭) শম্ভুনাথ সাঁফুই দিগকে উত্তরাধিকারী রাখিয়া পরলোক গমন করেন। অতঃপর উক্ত হরিচরণ সাঁফুই এর উত্তরাধিকারীগণ তাঁহার ত্যক্ত উক্ত সম্পত্তি যৌথভাবে ভোগ দখল করিতে অসুবিধা বোধ করায় ইংরাজী ২৩শে আগষ্ট ১৯৬৭ তারিখে এককেতা রেজিষ্ট্রীকৃত পার্টিশান দলিল মূলে উক্ত সম্পত্তি নিজেদের মধ্যে আপোষ বন্টন করিয়া লয়েন। উক্ত দলিল বেহালা সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির, ৮৩ নং ভল্যুমের, ২৩৫ হইতে ২৫১ নং পৃষ্ঠায় ১৯৬৭ সালের ৫০৯৮ নং দলিল মূলে লিপিবদ্ধ আছে। উক্ত পার্টিশান দলিল মোতাবেক আমি অত্র কোবালা দাতার পিতা গোপীনাথ সাঁফুই উক্ত সম্পত্তির মধ্যে ৫ কাঠা ৪ ছটাক ২৭ বর্গফুট পরিমিত জমি ও তদুপরিস্থিত একটি অতি পুরাতন দ্বিতল বাড়ী প্রাপ্ত হইয়া ভোগ দখল করিতে থাকাকালে উক্ত সম্পত্তির মধ্যে ২ কাঠা ৪ ছটাক জমি বিক্রয় করিয়া বাকি ৩ কাঠা ২৭ বর্গফুট জমি ও তদুপরিস্থিত পুরাতন দ্বিতল বাড়ীতে ভোগবান ও দখলীকার থাকাকালে ইংরাজী ১২ই সেপ্টেম্বর ২০০৬ তারিখে একটি উইল রাখিয়া পরলোক গমন করেন। উক্ত উইলে আমি অত্র কোবালা দাতার নাম একমাত্র একজিকিউটার ও লিগেটি হিসাবে বর্ণিত আছে।

অতঃপর আমি অত্র কোবালা দাতা আলিপুর ডিষ্ট্রিক্ট ডেলিগেট আদালতে উক্ত উইলের প্রবেট লইবার জন্য ১৯০৬ সালের ২৭৮ নং অ্যাক্ট ৩৯ মোকর্দ্দমা দায়ের করিয়া ইংরাজী ২৭.০৮.২০০৮ তারিখে প্রবেট প্রাপ্ত হই এবং উক্ত উইলের

Jayanti Barua

Hena Jhon Sapui
Jayanti Barua

নির্দেশ অনুসারে উক্ত ৩ কাঠা ২৭ বর্গফুট জমি ও তদুপরিস্থিত একটি প্রাচীন বাড়ী একক ষোলো আনা স্বত্বে প্রাপ্ত হইয়া উহাতে অন্যের নিরাংশে ভোগবান ও দখলীকার আছি।

এক্ষণে আমার নগদ অর্থের বিশেষ প্রয়োজন হওয়ায় নিম্ন তপশীলে বর্ণিত উক্ত বাড়ীর একতলার পূর্ব্ব দিকে একটি শয়ন কক্ষ, একটি রান্নাঘর, পায়খানা ও স্নানঘর ও একটি বারান্দা যাহার আনুমানিক পরিমাপ প্রায় ৪০০ বর্গফুট এবং তৎসহ রান্নাঘরের পূর্ব্বদিকে ১১০ বর্গফুট পরিমাপ উঠান, তাহা বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি অত্র কোবালা গ্রহীতা তাহা ১,৫০,০০০/- এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা পণে ক্রয় করিবার প্রস্তাব করায় আমি উক্ত মূল্য সর্ব্বোচ্চ ও বাজারোচিত বিবেচনায় আপনার প্রস্তাবে সম্মত হইয়া আজ আপনার নিকট হইতে নিম্ন জায় মত পণের সমূদয় অর্থ বুঝিয়া পাইয়া তৎপ্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনার অনুকূলে সহি সম্পাদন ও উহার খাস খোলসা দখল প্রদান পূর্ব্বক এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে,

নিম্ন তপশীলে বর্ণিত অত্র দলিলের বিক্রীত সম্পত্তিতে আমার অদ্যাবধি যাহা কিছু স্বত্ব, স্বামীত্ব, দখল, অধিকার, দাবী, দাওয়া, লভ্য হক হকিয়ৎ ছিল বা আছে এবং ভবিষ্যতে যাহা কিছু বর্ত্তাইতে পারে তত্ সমূদয় অত্র সাফ বিক্রয় কোবালা মূলে অদ্য হইতে কোবালা দাতা আমার হইতে সম্পূর্ণ রূপে লোপ ও ধ্বংস প্রাপ্ত হইয়া কোবালা গ্রহিত্রী আপনার উপর অর্শাইল ও বর্ত্তাইল এবং আপনি অত্র দলিলের বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে দখলীকার কায়েম হইয়া সরকারী সেরেস্তায় এবং কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের অফিসে সাবেক নাম খারিজ পূর্ব্বক আপনার নিজ নাম পত্তনাদি পূর্ব্বক ধার্য্যকৃত খাজনাদি ও ট্যাক্সাদি যথারীতি আদায় দিয়া দান, বিক্রয়, যাবতীয় হস্তান্তর ও রূপান্তরকরণের ক্ষমতাযুক্তে পুত্র, কন্যা, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে ষোলো আনা মালিক স্বরূপে যদৃচ্ছা সহকারে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে কোবালা দাতা আমি মায় আমার ওয়ারিশানগণ বা শরিকানগণ কেহ কোন প্রকার ওজর আপত্তি করিব না বা

করিতে পারিবেক না, করিলেও তাহা অত্র সাফ বিক্রয় কোবালা মূলে সর্ব্বত্র অগ্রাহ্য ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবেক।

কোবালা দাতা আমি আরো প্রকাশ ও প্রচার করিতেছি যে, অত্র দলিলের বিক্রীত সম্পত্তি লইয়া কোন আদালতে কোনরূপ মোকর্দ্দমা দায়ের নাই বা তাহা কাহারও খোর পোষের দায়ে বা জামিনের দায়ে কোন আদালতের নিকট দায়বদ্ধ নহে বা তাহাতে কোনরূপ দায় সংযোগ বা লিয়েন নাই, তাহাতে আমার কোন শরীক, অংশীদার, দাবীদার, ভাড়াটিয়াদি নাই বা উক্ত সম্পত্তি কোন সরকার বাহাদুর কর্ত্তৃক অ্যাক্যুইজিশান, রিক্যুইজিশান হয় নাই বা ঐরূপ হইবার নিমিত্ত অদ্যাবধি কোন প্রকার নোটিশাদি জারী বা প্রাপ্ত হই নাই বা উক্ত সম্পত্তি কোন দেবোত্তর, পীরোত্তর, মিশনারীর বা কোন ট্রাষ্টের অন্তর্ভুক্ত সম্পত্তি নহে বা উক্ত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অপর কাহাকেও বিক্রয় করি নাই বা বিক্রয় করিবার নিমিত্ত কাহারও সহিত কোনরূপ চুক্তিবদ্ধ হইয়া বায়নার টাকা অগ্রিম লই নাই। উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে এবং তাহা বিক্রয় করিবার আমার উত্তম ও উপযুক্ত ক্ষমতাযুক্তে স্বত্ব বিদ্যমান আছে।

উপরোক্ত উক্তির কোন উক্তি মিথ্যা বা তঞ্চকী বলিয়া প্রমাণিত হইতে আমি মাফিক আইনের আমলে আসিব এবং পণের সমূদয় টাকা আপনাকে আমি অত্র দাতা এককালীন ফেরৎ দিতে বাধ্য থাকিলাম।

যদ্যপি লেখকের ভ্রম বশতঃ বা অন্য কোন কারণে কোবালা গ্রহিত্রী আপনার অত্র দলিলে খরিদা সম্পত্তিতে স্বত্ব দখল দৃঢ়ী করণের নিমিত্ত অত্র দলিলের পৃষ্ঠপোষকতায় কোনরূপ সংশোধনী বা পরিপূরক দলিলের প্রয়োজন হয় তবে তাহা বলিবামাত্র কোবালা দাতা আমি মায় আমার ওয়ারিশাগণক্রমে তাহা আপনার নিজ খরচায় রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরলান্তঃকরণে, অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় স্বেচ্ছায়, স্বজ্ঞানে, স্থির মস্তিষ্কে অত্র কোবালা দাতা আমি অত্র কোবালার মর্ম ও ফলাফল সম্যকরূপে অবগত হইয়া এবং পণের সমূদয় টাকা নিম্ন টাকার জায় মোতাবেক এককালীন বুঝিয়া পাইয়া অদ্য তারিখে অত্র সাফ

বিক্রয় কোবালায় আমার নিজ নাম অত্র কোবালার গ্রহিত্রীর নাম বরাবর যথারীতি সহি সম্পাদন করতঃ রেজিষ্ট্রী করিয়া দিলাম।

ইতি তারিখ ইংরাজী সন ২০০৮ সালের ১৬ই ডিসেম্বর, মোতাবেক বাংলা ১৪১৫ সালের ৩০ শে অগ্রহায়ন। Haradhan Saqui

## তপশীল সম্পত্তির পরিচয় ও বিবরণ

জেলা দক্ষিণ ২৪-পরগণা, থানা - বেহালা, এ. ডি. এস. আর. অফিস বেহালা সদর, সাব-রেজিষ্ট্রী অফিস - আলিপুর, পরগণা - বালিয়া, বর্ত্তমান কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের (এস. এস. ইউনিট) অধীন ১২৯ নং ওয়ার্ডভুক্ত ৯ নং রামকৃষ্ণ সরণী (পোষ্টাল ৫৫ নং রামকৃষ্ণ সরণী), কোলকাতা - ৭০০০৬০ প্রেমিসেসভুক্ত অত্র জেলা কালেক্টারীর ৩৪৬ নং তৌজির অধীন, জেঃ এলঃ নং ২, রেঃ সাঃ নং ৮৩, মৌজা বেহালা গ্রামে সাবেক ও হাল ৫০১ ও ৫০৬ নং খতিয়ানে লিখিত ৬৪৩৩ ও ৬৪৩৪ নং দাগে অতি পুরাতন দ্বিতল বাটীর একতলায় পূর্ব্বদিকে একটি শয়ন ঘর, একটি রান্নাঘর, একটি পায়খানা, একটি স্নানঘর ও একটি বারান্দা, যাহার আনুমানিক পরিমাপ কমবেশী ৪০০ চারশত বর্গফুট বহু পুরাতন বাড়ীর অংশ মায় তলস্থ জমির তুল্যাংশ তৎসহ রান্নাঘরের পূর্ব্বদিকে ১১০ বর্গফুট পরিমাপ উঠান এবং তৎসহ বিক্রীত সম্পত্তির পশ্চিমদিকে হারাধন সাঁফুই এর জমির দক্ষিণ দিক বরাবর রামকৃষ্ণ সরণি পর্যান্ত ড্রেণের ব্যবহারিক ইজমেন্ট স্বত্ব এবং বিক্রীত জমির দক্ষিণ হইতে উত্তর দিকে ৩ ফুট প্রশস্থ কমন প্যাসেজ যাহা বিক্রীত সম্পত্তির পশ্চিম দিকে কমন সেপটিক ট্যাঙ্ক ও জলের রিজার্ভারে যাতায়াতের কমন রাস্তা মায় তৎসহ কমন প্যাসেজ ও রাস্তাদির সর্ব্বপ্রকার ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সহ যাহা অত্র দলিল সাথ গ্রথিত ও সংযুক্ত একাংশ গণ্য নকশায় **লাল** রঙের সীমারেখা দ্বারা চিহ্নিত ও প্রদর্শিত হইয়াছে। ইহাই অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে।

### যাহার চৌহদ্দি -

উত্তরে - হারাধন সাঁফুই এর বাড়ী,

দক্ষিণে - ৩ ফুট প্রশস্থ কমন প্যাসেজ,

পূর্ব্বে - প্রণব কুমার বড়ুয়ার বাড়ী,

পশ্চিমে - হারাধন সাঁপুই এর বাড়ী এবং জমি।

Haradhan Saqui
Jayanti Barua

| | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| PHOTO | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ..................................

Signature ............................

| | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| PHOTO | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ..................................

Signature Jayanti Barua

| | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| PHOTO | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ..................................

Signature Haradhan Sapui

| | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| PHOTO | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ..................................

Signature ............................

# Government Of West Bengal
## Office Of the D.S.R.-II SOUTH 24-PARGANAS
District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 09699 of 2011
(Serial No. 05392 of 2008)

**On 16/12/2008**

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 1685/-, on 16/12/2008

( Under Article : A(1) = 1639/- ,E = 14/- ,H = 28/- ,M(b) = 4/- on 16/12/2008 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-716040/-

Certified that the required stamp duty of this document is Rs.- 42982 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 4020/- is paid, by the draft number 133973, Draft Date 08/12/2008, Bank Name STATE BANK OF INDIA, Behala, received on 16/12/2008

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 13.16 hrs on :16/12/2008, at the Office of the D.S.R.-II SOUTH 24-PARGANAS by Jayanti Barua ,Claimant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 16/12/2008 by

1. Haradhan Sapui, son of Lt. Gopinath Sapui , 55, Ramkrishna Sarani Gowala Para Road, Thana:-Behala, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700060 , Thana Behala, By Caste Hindu, By Profession : ----
2. Jayanti Barua, wife of Swadesh Ranjan Barua , 55, Ramkrishna Sarani Gowala Para Road, Thana:-Behala, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700060 , Thana Behala, By Caste Hindu, By Profession : House wife

Identified By A Sengupta, son of . , A. J. Court, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700027 , By Caste: Hindu, By Profession: Advocate.

( Subhendu Kumar Roy )
DISTRICT SUB-REGISTRAR-II

**On 02/09/2011**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

( Anima Sinha )
**DISTRICT SUB-REGISTRAR-II**

# Government Of West Bengal

Office Of the D.S.R.-II SOUTH 24-PARGANAS
District:-South 24-Parganas

## Endorsement For Deed Number : I - 09699 of 2011

(Serial No. 05392 of 2008)

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23,4 of Indian Stamp Act 1899.

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 6237/-, on 02/09/2011

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs. 33970/- is paid, by the draft number 029422, Draft Date 10/08/2011, Bank Name State Bank of India, Alipore, received on 02/09/2011

**Payment of Fees:**

( Under Article : A(1) = 6237/- on 02/09/2011 )

( Anima Sinha )
DISTRICT SUB-REGISTRAR-II

( Anima Sinha )
DISTRICT SUB-REGISTRAR-II


SITE PLAN OF EXISTING BUILDING (GROUND FLOOR) (VERY OLD BUILDING)
AT PREMISES NO-9, RAMKRISHNA SARANI MAILING ADDRESS 55 R. K. SARANI
KOL-700 060 MOUZA & P.S. BEHALA TOUZI NO-346 R.S. NO- 83 J.L. NO. 2
C.S & R.S. KHATIAN NOS:- 501 & 506 DAG NOS 6433 & 6434 WARD NO 129
UNDER K.M.C (S.S.U) DIST 24 PGS (S) SCALE 1"=6-0

COVERD AREA OF BUILDING - 400 SFT (more or less)
AREA OF VACANT LAND - 02 CH - 20 SFT (more or less)

VENDEE:- SMT. JAYANTI BARUA
W/O SRI SWADESH RANJAN BARUA

VENDOR :- SRI HARADHAN SAPUI
S/O LT GOPI NATH SAPUI

PURCHASED AREA MARKED BY RED VERGE




Haradhan Sapui

Jayanti Barua

10/12/58

SUNIL RANJAN ROY
L.B.S. NO. 338/11

DRAWN BY
SUNIL RANJAN ROY
78 B.S. ROAD KOL-34
L.B.S. NO-338/II K.M.C.

## তপশীল টাকার জায়

০৩.০৭.২০০৮ তারিখে ১০০ টাকার নোটে

| | | |
|---|---|---|
| ২৫০ কেতায় | - | ২৫,০০০/- টাকা |
| অদ্য তারিখে ১০০০ টাকার নোটে ১০০ কেতায় | - | ১,০০,০০০/- টাকা |
| অদ্য তারিখে ৫০০ টাকার নোটে ৫০ কেতায় | - | ২৫,০০০/- টাকা |
| মোট | - | ১,৫০,০০০/- টাকা |

সবলগে এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা মাত্র বুঝিয়া পাইলাম।

Haradhan Sapui

ইসাদী

(১) Swadesh Ranjan Bera
55, Ramkrishna Sarani
Behala - Kolkata - 60

(২) স্বপ্না সাঁপুই
৫৫, রামকৃষ্ণ সরণি
বেহালা, কোলকাতা-৭০০০৬০.

মুসাবিদাকারক

Amitabha Sengupta
(অমিতাভ সেনগুপ্ত)
অ্যাডভোকেট,
আলিপুর জজ কোর্ট
কোলকাতা - ৭০০০২৭।

মুদ্রক

ওঙ্কার রায় চৌধুরী
ওঙ্কার
আলিপুর জজ কোর্ট
কোলকাতা - ৭০০০২৭।

District Sub-Registrar-II
Alipore, South 24-Parganas